গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আব্দুল খালেক<br>মহাপরিচালক খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান: | | সভাকক্ষ (২য় তলা), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ৮/১১/২০২৪খ্রি. |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২য় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগকে অনুরোধ জানান। তদানুযায়ী শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারিত সূচি অনুযায়ী আলোচ্য বিষয় সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ০১ | | ক। কার্যক্রম নং ১.৩: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | ২য় কোয়ার্টারে চসসা বিভাগ অংশীজনের সভাটি আয়োজন করবে।<br>**সভার বিষয়ঃ** খাদ্যশস্য পরিবহন এবং পরিবহন সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও সমাধান<br><br>**অংশগ্রহণকারীঃ** ঠিকাদার, ব্যবস্থাপক (CSD) এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা (OCLSD)<br><br>**প্রমাণকঃ** সভার নোটিশ, উপস্থিতি হাজিরা ও সভার কার্যবিবরণী।<br><br>নির্ধারিত কার্যক্রম যথাসময়ে (৩১/১২/২০২৪খ্রি. তারিখের মধ্যে) সম্পন্ন করে প্রমানক দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক সববি বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ২য় কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | খ। কার্যক্রম নং ১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় কোয়ার্টারের নির্ধারিত প্রশিক্ষণ আয়োজন নিশ্চিতকরণপূর্বক যথাযথ প্রমাণক দাখিল করতে হবে।<br>**লক্ষ্যমাত্রা:** ৯০ জন<br>**প্রমাণকঃ** মনোনয়ন পত্র, হাজিরা ও ছবি<br>উল্লেখ্য, কোয়ার্টারের নির্ধারিত কার্যক্রম সম্পন্ন হয়েছে। | পরিচালক প্রশিক্ষণ বিভাগ |
| | | গ। কার্যক্রম নং ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়নঃ অগ্নি নির্বাপক যন্ত্রের রিফিল ও মহড়ার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | ২০২৪-২৫ অর্থ বছরের ২য় কোয়ার্টারে ৩১/১২/২৪খ্রি. তারিখের মধ্যে অগ্নি নির্বাপক যন্ত্রের রিফিল ও মহড়ার আয়োজন করবে<br><br>**বাস্তবায়ন প্রক্রিয়াঃ** বিধিমোতাবেক অগ্নি নির্বাপক যন্ত্রের রিফিল সরবরাহপূর্বক সংশ্লিষ্ট মহড়ার আয়োজন নিশ্চিত করবে<br><br>**প্রমাণকঃ** ছবি/প্রত্যয়ন/ভাউচার/ক্রয়াদেশ | পরিচালক, প্রশাসন |
| | | ঘ। কার্যক্রম নং ২.২: অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) যথাযথ বাস্তবায়ন এর বিষয়ে আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/ব্যক্তি ২য় কোয়ার্টারের নির্ধারিত ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়নপূর্বক যথা সময়ে প্রমাণক দাখিল করতে হবে।<br><br>**লক্ষ্যমাত্রাঃ** ৩০%<br><br>**প্রমাণক: ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন** | পরিচালক, প্রশাসন/ চসসা/সববি/ সংগ্রহ/পউকা/ হিসাব ও অর্থ /প্রশিক্ষণ /নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট/ কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট/ প্রকল্প পরিচালক (সকল) |
| | | ঙ। কার্যক্রম নং ২.৩: বাজেটের যথাযথ বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/প্রকল্প/ইউনিট সংশ্লিষ্ট বাজেটের যথাযথ বাস্তবায়ন করবেন এবং প্রমাণক হিসেবে ত্রৈমাসিক ভিত্তিতে iBAS++ প্রতিবেদন আবশ্যিকভাবে দাখিল করবেন। iBAS++ এ অন্তর্ভুক্ত না থাকলে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট দাখিল করবেন।<br>**লক্ষ্যমাত্রাঃ**৩০%<br><br>**প্রমাণক:** iBAS++ **প্রতিবেদন/হিসাবরক্ষণ অফিসের সার্টিফিকেট** | পরিচালক, হিসাব ও অর্থ এবং প্রকল্প পরিচালক (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চ। কার্যক্রম নং ২.৪: কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের PIC সভা আয়োজন সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী PIC সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প = ১টি;<br><br>২। দেশের বিভিন্ন স্থানে ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিক ধানের সাইলো নির্মাণ (প্রথম ৩০টি সাইলো নির্মাণ পাইলট প্রকল্প) ১টি;<br><br>৩। দেশের বিভিন্ন কৌশলগত স্থানে নতুন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদি নির্মান প্রকল্প =১টি;<br><br>**প্রমাণকঃ** সভার নোটিশ, উপস্থিতি হাজিরা ও সভার কার্যবিবরণী।<br><br>যথাসময়ে বাস্তবায়নপূর্বক যথাযথ প্রমাণক দাখিল করতে হবে।<br><br>উল্লেখ্য, কোয়ার্টারের নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করতে না পারলে যথাযথ ব্যাখ্যা প্রদান করতে হবে ও সংশ্লিষ্ট প্রমাণক দাখিল করতে হবে। | পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| | | ছ। কার্যক্রম নং ২.৫: প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র) বিধি মোতাবেক হস্তান্তর করার বিষয়ে আলোচনা হয়। | ১। আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প (সাইলো)<br><br>২। দেশের বিভিন্ন স্থানে ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিক ধানের সাইলো নির্মাণ (প্রথম ৩০টি সাইলো নির্মাণ পাইলট প্রকল্প) | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | জ। কার্যক্রম নং ৩.২: ঢাকা মহানগর এলাকার, ওএমএস ডিলারের চাল ও আটার চালান যাচাই করার বিষয়ে আলোচনা হয়। | প্রতি মাসে ঢাকা মহানগর এলাকার, ওএমএস ডিলারের চাল ও আটার চালান যাচাই (ন্যূনতম ২৭টি)<br><br>**প্রমাণক:** যাচাইকৃত চালানসমূহের সত্যায়িত তালিকা | পরিচালক, সরবি বিভাগ |
| | | ঝ। কার্যক্রম নং ৩.৩: খাদ্য অধিদপ্তরের কেন্দ্রিয় সড়ক পরিবহন ঠিকাদারদের জামানত সংক্রান্ত স্ট্যাটাস হালনাগাদকরণ ও প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | খাদ্য অধিদপ্তরের কেন্দ্রিয় সড়ক পরিবহন ঠিকাদারদের জামানত সংক্রান্ত স্ট্যাটাস হালনাগাদকরণ ও প্রকাশ<br><br>**প্রমাণক:** স্ট্যাটাস হালনাগাদকৃত ও প্রকাশিত তালিকা | পরিচালক, চসসা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঞ। কার্যক্রম নং ৩.৪: **EGP** পদ্ধতিতে বস্তা ক্রয় কার্যক্রম সম্পন্নকরণের বিষয়ে আলোচনা হয়। | **EGP** পদ্ধতিতে বস্তা ক্রয় কার্যক্রম সম্পন্নকরণ<br>**প্রমাণক:** দরপত্র ও অনুমোদনের কপি | পরিচালক, সংগ্রহ বিভাগ |
| ০২ | কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিতকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতি কোয়ার্টার সম্পন্ন হওয়ার দ্রুততম সময়ে বাস্তবায়ন প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের বিষয়ে সভা আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টার শেষ হওয়ার পরবর্তী মাসের ৩ কার্যদিবসের (০৫/০১/২৫খ্রি. তারিখের) মধ্যে কোয়ার্টার ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তগণ আবশ্যিকভাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন এর নিকট প্রেরণ নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট বিভাগ/ ইউনিট প্রধান এবং প্রকল্প পরিচালক (সকল) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪.১২.২৪

মো: আব্দুল খালেক
মহাপরিচালক
ফোন-০২২২৩৩৫৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০৫.২৩.১৫৯(১৭)

তারিখ: ০৪/১২/২০২৪খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
০৪-১০। পরিচালক, প্রশাসন/সববি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১১। প্রকল্প পরিচালক, দেশের বিভিন্ন স্থানে ধান শুকানো, সংরক্ষণ ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদিসহ আধুনিক ধানের সাইলো নির্মাণ (প্রথম ৩০টি সাইলো নির্মাণ পাইলট প্রকল্প), খাদ্য অধিদপ্তর, ঢাকা
১২। প্রকল্প পরিচালক, দেশের বিভিন্ন কৌশলগত স্থানে নতুন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদি নির্মান প্রকল্প, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৩। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৭), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৫-১৬। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৮। উপপরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৯। অফিস কপি

০৪/১২/২৪

মোঃ জহিরুল ইসলাম খান
অতিরিক্ত পরিচালক
প্রশাসন বিভাগ
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা